

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৮

তারিখ: ৬ মাঘ ১৪২৭

২০ জানুয়ারি ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

২০ জানুয়ারী ২০২১ খ্রিঃ সকাল ০৯:৩০টা থেকে সন্ধ্যা ০৬:০০ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

২০ জানুয়ারী ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থাঃ লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ ময়মনসিংহ, সিলেট, ঢাকা, খুলনা, বরিশাল এবং চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় হালকা/গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হতে পারে এবং দেশের অন্যত্র আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। মধ্যরাত থেকে সকাল পর্যন্ত সারাদেশে মাঝারী থেকে ঘন কুয়াশা পড়তে পারে এবং তা কোথাও কোথাও দুপুর পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (২ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৪.৭	২২.৩	২৮.৭	২৪.৮	২৫.২	২৪.৬	২৫.২	২৬.৮
সর্বনিম্ন তাপমাত্রা	১১.৮	১৪.০	১১.৩	১১.৬	১২.৫	১১.৮	১৩.৬	১৪.৫

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল টেকনাফ ২৮.৭° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা সীতাকুন্ড ১১.৩° সেঃ।
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৮ জানুয়ারী, ২০২১খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৯ জানুয়ারী ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৭ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৪	০	০
২।	ময়মনসিংহ	২	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	০	০	০
৬।	রংপুর	১	০	০
৭।	চট্টগ্রাম	৪	০	০
৮।	খুলনা	৪	০	০
	মোট	১৭	০	০

শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ :

- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কম্বল/ শীত বস্ত্র ক্রয়পূর্বক বিনামূল্যে বিতরণের জন্য জেলা প্রশাসক, রাজবাড়ী (মহিলা আসন-৪০ নির্বাচনী এলাকার জন্য)-এর অনুকূলে নগদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে শীতক্লিষ্ট ময়মনসিংহ বিভাগের ৪টি জেলার মোট ৩৫টি উপজেলার ৩৫১টি ইউনিয়নে মানবিক সহায়তা হিসেবে বিতরণের জন্য প্রতি ইউনিয়নে ১০০ প্যাকেট/বস্তা হারে মোট (৩৫১X১০০)=৩৫,১০০ প্যাকেট/বস্তা শুকনা খাবার ও অন্যান্য খাবার বরাদ্দ করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে শীতক্লিষ্ট খুলনা বিভাগের ১০টি জেলার মোট ৫৯টি উপজেলার ৫৭৭টি ইউনিয়নে মানবিক সহায়তা হিসেবে বিতরণের জন্য প্রতি ইউনিয়নে ১০০ প্যাকেট/বস্তা হারে মোট (৫৭৭X১০০)=৫৭,৭০০ প্যাকেট/বস্তা শুকনা খাবার ও অন্যান্য খাবার বরাদ্দ করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে শীতক্লিষ্ট রাজশাহী বিভাগের ৮টি জেলার মোট ৬৭টি উপজেলার ৫৬৫টি ইউনিয়নে মানবিক সহায়তা হিসেবে বিতরণের জন্য প্রতি ইউনিয়নে ১০০ প্যাকেট হারে মোট (৫৬৫X১০০)=৫৬,৫০০ প্যাকেট/বস্তা শুকনা খাবার ও অন্যান্য খাবার বরাদ্দ করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে দেশের চলমান শীত মোকাবিলাসহ জরুরী পরিস্থিতিতে মানবিক সহায়তা হিসেবে কম্বল/শীত বস্ত্র ক্রয় পূর্বক বিনামূল্যে বিতরণের জন্য ৬৪ জেলার প্রতিটি জেলায় ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা করে মোট ৩,২০,০০,০০০/- (তিন কোটি বিশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।



২০-১-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৮/১(১৭০)

তারিখ: ৬ মাঘ ১৪২৭
২০ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)



২০-১-২০২১

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা